বাংলা বিভাগ অ্যালামনাই
রাজশাহী বিশ্ববিদ্যালয়
প্রধান কার্যালয়: কক্ষ ১৪৩, শহীদুল্লাহ্ কলাভবন, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

সূত্র: ......................                                                                                    তারিখ: ..............................

তারিখ: ২৭-৬-২০২০

## যৌথসভার কার্যবিবরণী

বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিদায়ী কার্যনির্বাহী পরিষদ ও নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদের এক গুরুত্বপূর্ণ যৌথসভা গত ২৭ জুন শনিবার কভিড-১৯ প্রাদুর্ভাবজনিত কারণে অনলাইন জুম (Zoom) পদ্ধতিতে অনুষ্ঠিত হয় । সভায় উভয় পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ সর্বমোট ২৮ জন সদস্য অংশগ্রহণ করেন (নামের তালিকা সংযুক্ত) । সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার প্রথমাংশে বিদায়ী সভাপতি আপেল আবদুল্লাহ্ সভাপতিত্ব করেন । তিনি বিদায়ী নির্বাহী পরিষদের তত্ত্বাবধানে তৃতীয় সম্মিলন উদযাপন পরিষদ কর্তৃক পেশকৃত তৃতীয় সম্মিলনের আয় ও ব্যয়ের সার্বিক হিসাব তুলে ধরেন । সদস্যরা আলোচনায় অংশগ্রহণ করে এ আয় ও ব্যয়ের মতামত দেন । এরপর বিদায়ী সভাপতি নব-নির্বাচিত পরিষদ-কে আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার হস্তান্তর করেন ।

পরে নব-নির্বাচিত পরিষদের সভাপতি ড. পি.এম. সফিকুল ইসলাম সভায় সভাপতিত্ব করেন এবং নব-নির্বাচিত সাধারণ সম্পাদক ড. আমিনুর রহমান সুলতান সভা পরিচালনা করেন । সভায় যোগদানকৃত সকল সদস্যই আলোচনায় অংশগ্রহণ করেন । আলোচ্যসূচি ও বিবিধ বিষয়ে সভায় নিম্নরূপভাবে বিস্তারিত আলোচনা হয় ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:-

### সভার সিদ্ধান্তসমূহ

১। **আয় বিশ্লেষণ:** তৃতীয় সম্মিলনের উপলক্ষে সদস্য, ছাত্র ও অতিথিদের রেজিস্ট্রেশন বাবদ ১৩,১২,০৪৯.২৫ টাকা বৃত্তি অনুদান ৪৫,০০০.০০ টাকা, নতুন সদস্যভুক্তি চাঁদা ১,০৬,৩৮০.০০ টাকাসহ ব্যয়যোগ্য হিসাব নং-২০০০০৭৬৬০০৫১ হিসাব নম্বরে সর্বমোট ১৪,৬৩,৪২৯.২৫ টাকা আয় হিসেবে জমা হয় । এ হিসাব নং ১লা জানুয়ারিতে স্থিতি ছিল ২,০০,৯১৮.৫০ টাকা । এ হিসাব থেকে সম্মিলনের ব্যয়ের জন্য ১৫,৫০,০০০.০০ টাকা উঠানো হয় । ১৪০.০০ টাকা ব্যাংক চার্জে কর্তন করা হয় । ফলে সংশ্লিষ্ট ব্যাংক হিসেবে অবশিষ্ট রয়েছে ১,১৪,২০৭.৭৫ টাকা । এছাড়া বৃত্তি অনুদান ৯৭,০০০.০০ টাকা ও এফডিআরের ইন্টারেস্ট ১,৫৫,৫৬৩.৭৩ টাকা ও i©v·dj ড্র কূপন বিক্রি থেকে ৫৪,৬৫০.০০ টাকা নগদ আয় হয় । ফলে সম্মিলন উপলক্ষে প্রাপ্ত অর্থের পরিমাণ দাঁড়ায় ১৭,৭০,৬৪৩.০০ টাকা ।

এছাড়া কার্যনির্বাহী পরিষদের বিভিন্ন পদের মনোনয়ন ফি বাবদ ২,১২,০০০.০০ টাকা এবং বিজ্ঞাপন থেকে কমপক্ষে ৪,০০০০০.০০ টাকা আয় হবে । ফলে কমপক্ষে আরো ৬,১২,০০০.০০ টাকা এ হিসাবে জমা হবে ।

**অব্যয়যোগ্য তহবিলে প্রদত্ত ধার সমন্বয়:** সদস্য ভর্তি চাঁদার সঞ্চয়ী হিসাব নম্বর-০২০০০০২২৬২০৯৩ হিসাব নম্বরে ১লা জানুয়ারি স্থিতি ছিল ১৯,০২৬.৮৭ টাকা । তৃতীয় সম্মিলন উপলক্ষে এ হিসাবে জমা হয়েছে ১,১৯,৫০০.০০ টাকা । পর্যালোচনা করে দেখা যায় এ হিসাবে ভুল করে কিছু সদস্য রেজিস্ট্রেশন ফি জমা দিয়েছেন যার পরিমাণ ২২,৫০০.০০ টাকা । ব্যয়যোগ্য হিসাব নম্বর-২০০০০৭৬৬০০৫১-তে অনলাইন পদ্ধতিতে নতুন সদস্য

যোগাযোগ : ০১৭১৮-০০১৮১৭, ০১৯১৪-২৫৪১৭৯, ০১৭১৮-৫৫৬৭৬৭
ই-মেইল : aapelabdullah@gmail.com, anikmahmud146@gmail.com
সকল হালনাগাদ তথ্যের জন্য ভিজিট করুন ওয়েব সাইটঃ www.bangladeptalumniru.org

সূত্র:.......................  তারিখ:..................................

চাঁদা ১,০৬,৩৮০.০০ টাকা থেকে ২২,৫০০.০০ টাকা বাদ দিলে ব্যয়যোগ্য হিসাবে সদস্য চাঁদার ৮৩,৮৮০.০০ টাকা অতিরিক্ত জমা হয়েছে । বিদায়ী কোষাধ্যক্ষের প্রতিবেদন অনুযায়ী একসঙ্গে ২১,০০০০০.০০ টাকা স্থায়ী আমানত করার জন্য সংগঠনের ব্যয়যোগ্য হিসাব থেকে ২,২৫,০০০.০০ টাকা স্থায়ী আমানত হিসেবে পূনর্ভরণ সাপেক্ষে ধার প্রদান করা হয়েছে । যেহেতু অ্যালামনাইয়ের কার্যক্রম পরিচালনায় এখন তহবিলের প্রয়োজন রয়েছে সেহেতু সঞ্চয়ী হিসাব নম্বর-০২০০০০২২৬২০৯৩ থেকে ৪১,১২০.০০ টাকা চেকের মাধ্যমে ব্যয়যোগ্য হিসাব নম্বর ২০০০০৭৬৬০০৫১-তে স্থানান্তর করা যায় । এতে করে ৮৩,৮৮০.০০+৪১,১২০.০০ অর্থাৎ ১,২৫,০০০.০০ টাকা ধার সমন্বয় হবে । সদস্য সংগ্রহের মাধ্যমে স্থায়ী আমানত ২৫,০০০০০.০০ টাকায় উন্নীত করার পর অব্যয়যোগ্য হিসাব থেকে অবশিষ্ট ১,০০০০০.০০ টাকা ব্যয়যোগ্য হিসাবে সমন্বয় করা যেতে পারে ।

এ হিসাবের বর্তমান স্থিতি ১,৩৮,৫২৬.৮৭ টাকা থেকে ৪১,১২০.০০ টাকা সমন্বয় করা হলে এ হিসাবে স্থিতি থাকবে ৯৭,৪০৬.৮৭ টাকা ।

**সর্বমোট তহবিলের সংস্থান সংক্রান্ত সিদ্ধান্ত:** এ পর্যন্ত প্রাপ্ত আয় ও সম্ভাব্য প্রাপ্তব্য আয় মিলিয়ে সম্মিলনের জন্য সর্বমোট ব্যয়যোগ্য ২৬,২৪,৬৮১.৫০ টাকা তহবিলের সংস্থান হবে । সভা এসব আয়ের অর্থ-সংস্থানের সার্বিক বিষয়ে একমত পোষণ করে এবং সর্বসম্মতিভাবে তা অনুমোদন করে ।

২। **ব্যয় বিবরণী:** তৃতীয় সম্মিলন উদযাপন উপলক্ষে খরচের প্রধান খাতগুলোর মধ্যে শাড়ি ও পাঞ্জাবি বাবদ ১০,৮৯,৮৬২.৫০ টাকা, ব্যাগ বাবদ ১,৬১,০০০.০০ টাকা, মঞ্চ ডেকোরেশন, আলোকসজ্জা সাউন্ড, মিউজিক হ্যান্ডস ও উত্তরীয়সহ অন্যান্য খরচ বাবদ ২,৪৯,১১৩.৭৫ টাকা । বাংলা বিভাগ প্রদত্ত ৬০,০০০.০০ টাকা বাদ দিয়ে দুদিনের খাদ্য বাবদ খরচ ৩,৯৪,৪০০.০০ টাকা, পুরস্কার ও বৃত্তি বাবদ ২,৪১,০০০.০০ টাকা, স্মরণিকা ও সদস্য গাইড বই প্রকাশনা বাবদ ২,৬৪,৩০০.০০ টাকা, i©v•dj ভ্র পুরস্কার ক্রয়ের জন্য ৫৪,৮২০.০০ টাকা, ক্রেস্ট, উপহার ক্রয়, পরিবহন ভাড়া ও অন্যান্য খরচ বাবদ ৫৬,২০০.০০ টাকা এবং অনলাইন ডেভোলপমেন্ট চার্জ বাবদ ২৫,০০০.০০ টাকাসহ সর্বমোট ২৫,৩৫,৬৮৬.২৫ টাকা ব্যয় হয়েছে । এরমধ্যে ব্যাংক থেকে উঠানো হয়েছে ১৫,৫০,০০০.০০ টাকাসহ নগদ প্রাপ্ত টাকা মিলিয়ে সর্বামোট ১৭,৭০,৬৪৩.০০ টাকা বিল পরিশোধ করা হয়েছে ।

বকেয়া রয়েছে সপুরা সিল্কের ৩,২৯,৮৬২.০০ টাকা, প্রকাশনা ব্যয়ের ২,০৪,৩০০.০০ টাকা এবং খাবার বিল ১,৪৪,০০০.০০ টাকাসহ সর্বমোট ৬,৭৮,৫১২.০০ টাকা । বিজ্ঞাপন বিল সংগ্রহ এবং কার্যনির্বাহী পরিষদের নমিনেশন চাঁদার আয় ব্যাংকে জমা হবার পর এ বকেয়া বিল পরিশোধ করা যাবে । এসব বিল পরিশোধ করার পরও ব্যয়যোগ্য হিসাবে প্রায় দেড় লাখ টাকা থাকবে ।

**সিদ্ধান্ত:** সভা সর্বসম্মতভাবে উপরিউল্লিখিত আয় ও ব্যয় অনুমোদন করে । সকল ব্যয়ের মূল ভাউচার সভাপতি/সাধারণ সম্পাদকের অনুমোদনক্রমে নব-নির্বাচিত কোষাধক্ষের কাছে জমা থাকবে এবং তিনি তা অডিটের জন্য যথাযথভাবে সংরক্ষণ করবেন ।

***আয় ও ব্যয় অনুমোদনের পর বিদায়ী সভাপতি নব-নির্বাচিত কার্যনির্বাহী পরিষদের নিকট আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার হস্তান্তর করেন ও সভা পরিচালনার আহব্বান জানান ।***

বাংলা বিভাগ অ্যালামনাই
রাজশাহী বিশ্ববিদ্যালয়
প্রধান কার্যালয় : কক্ষ ১৪৬, শহীদুল্লাহ কলাভবন, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

সূত্র: ......................                                                                 তারিখ: ..............................

৩। **সভার পর্যবেক্ষণ ও অভিমত:** সভা অভিমত দেয় যে এবার উন্নতমানের রাজশাহী সিল্কের শাড়ী ও পাঞ্জাবী এবং উন্নত মানের ব্যাগ প্রদানের জন্য খরচ অন্য বারের তুলনায় বেশি হলেও তা সদস্যদের মাঝে ব্যাপকভাবে অভিনন্দিত হয়েছে । এ ছাড়া সভা বকেয়া বিলসমূহ পরিশোধের সময় সংশ্লিষ্ট পক্ষগুলোর সংগে আলোচনা করে বিলের কিয়দংশ কমানোর প্রচেষ্টা রাখতে রাখার জন্য অনুরোধ জানায় এবং তা করা সম্ভব হলে পরবর্তী সভাকে তা অবহিত করে রেকর্ডভুক্ত করারও অনুরোধ জানায় । এছাড়া সভা নব-নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদককে অ্যালামনাই তহবিলে অনুদান প্রদানের আহব্বান জানালে তাঁরা জানান পরবর্তী সভায় তারা এ বিষয়ে সভাকে অবহিত করবেন ।

৪। **উপদেষ্টা পরিষদ গঠন:** নব-নির্বাচিত পরিষদ প্রথমেই গঠনতন্ত্র অনুযায়ী সাত সদস্য বিশিষ্ট উপদেষ্টা পরিষদ গঠনের প্রস্তাব করেন ও সর্বসম্মতভাবে তা সভায় গৃহীত হয় ।

**উপদেষ্টা পরিষদ হবে নিম্নরূপ:-**

| | | |
|---|---|---|
| (১) | প্রধান উপদেষ্টা : | প্রফেসর ড. আবদুল খালেক |
| (২) | উপদেষ্টা : | আবদুল আজিজ |
| (৩) | উপদেষ্টা : | হাসিবুল ইসলাম |
| (৪) | উপদেষ্টা : | অধ্যাপিকা রাশেদা খালেক |
| (৫) | উপদেষ্টা : | আহসানুল কবির স্বপন |
| (৬) | উপদেষ্টা : | জামিল রায়হান |
| (৭) | উপদেষ্টা : | ড. মোহাম্মদ জয়নুদ্দীন |

সভায় এমর্মে সিদ্ধান্ত হয় যে, সভাপতি ও সম্পাদক পত্র দিয়ে সকল উপদেষ্টাকে বিষয়টি সম্মানের সাথে অবহিত করবেন ও তাঁদের সম্মতি গ্রহণ করবেন ।

৫। **কার্যনির্বাহী পরিষদের শূন্য সদস্য পদ পূরণ:** পূর্বের কার্যনির্বাহী পরিষদের সাধারণ সম্পাদক সভাপতি নির্বাচিত হওয়ায় তাঁর জন্য নির্ধারিত কার্যনির্বাহী পরিষদের সদস্য পদটি শূন্য থেকে যায় । গঠনতন্ত্র অনুযায়ী শূন্য এ সদস্য পদে জনাব ব্রাইনির ইসলাম-কে কো-অপ্ট করা হয় ।

৬। ক ।**হিসাব পরিচালনা সংক্রান্ত:** অগ্রণী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা: গঠনতন্ত্র অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অগ্রণী ব্যাংকের যে দুটি হিসাব রয়েছে তা নব-নির্বাচিত সভাপতি/সাধারণ সম্পাদক এবং অবশ্যম্ভাবীভাবে নব-নির্বাচিত কোষাধ্যক্ষের স্বাক্ষরে পরিচালিত হবে । এজন্য নব-নির্বাচিত কোষাধ্যক্ষ পূর্বের কোষাধ্যক্ষের নিকট থেকে অ্যালামনাইয়ের সকল হিসাব, রেজিস্টার, ব্যয়ের ভাউচার, সদস্য ভর্তি ফরম ও অন্যান্য সকল ডকুমেন্টস বুঝে নিবেন এবং তা নিজের কক্ষে নিরাপদে সংরক্ষণ করবেন । এছাড়া হিসাব স্বাক্ষরকারী পরিবর্তনের জন্য পূর্বের স্বাক্ষরকারীদের স্বাক্ষরে নতুন তিন স্বাক্ষরকারীর নমুনাস্বাক্ষর ও কার্যবিবরণীসহ ব্যাংক কর্তৃপক্ষকে পত্র প্রদান করতে হবে । এ ব্যাপারে কোষাধ্যক্ষ অবিলম্বে কার্যকর উদ্যোগ নিবেন ।

**খ । এবি ব্যাংকের স্থায়ী আমানত সংক্রান্ত :** এবি ব্যাংকের স্থায়ী আমানতের মেয়াদ পূর্তি না হওয়া পর্যন্ত পূর্বের সভাপতি/সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের কর্তৃত্ব স্বাক্ষর পূর্ববৎ বলবৎ

যোগাযোগ : ০১৭১৮-৪৪১৮১৭, ০১৯১৪-২৫৪১৭৯, ০১৭১৮-৫৫৬৭৬৭
ই-মেইল : aapelabdullah@gmail.com, anikmahmud146@gmail.com
সকল হালনাগাদ তথ্যের জন্য ভিজিট করুন ওয়েব সাইট: www.bangladeptalumniru.org

থাকবে । মেয়াদ পুর্তির পর নতুন মেয়াদি আমানত করার সময় নব-নির্বাচিত পরিষদ নিজেদের স্বাক্ষরে তা পরিবর্তন করবেন ।

গ । **ঢাকার সোনালী ব্যাংকের হিসাব সংক্রান্ত:** ঢাকার সোনালী ব্যাংকের কাওরান বাজার শাখার হিসাবের শিরোনাম গঠনতন্ত্র অনুযায়ী '**বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়-ঢাকা হিসাব**, শিরোনামে পরিবর্তন করতে হবে । গঠনতন্ত্র অনুযায়ী এ হিসাব নব-নির্বাচিত সভাপতি/সাধারণ সম্পাদক এবং আবশ্যিকভাবে নব-নির্বাচিত সহকারী কোষাধ্যক্ষের স্বাক্ষরে পরিচালিত হবে । এজন্য নতুন তিনজনের নমুনা স্বাক্ষরসহ বিদায়ী সভাপতি ও বিদায়ী সহকারী কোষাধ্যক্ষের স্বাক্ষরে ব্যাংক কর্তৃপক্ষকে পত্র দিতে হবে । এ ব্যাপারে নব-নির্বাচিত সাধারণ সম্পাদক সকল ব্যবস্থা গ্রহণ করবেন ।

৭। **সকল ডকুমেন্টস সংরক্ষণ সংক্রান্ত:** সংগঠনের এ পর্যন্ত প্রকাশিত সকল ধরনের প্রকাশনা, উত্তরীয়, শাড়ি, পাঞ্জাবি, ব্যাগ, টি শার্টসহ সকল ডকুমেন্টস পদ্ধতিগতভাবে সংরক্ষণ করতে হবে । এ ব্যাপারে সভাপতি ও কোষাধ্যক্ষ কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন । সম্ভব হলে এজন্য বাংলা বিভাগের সেমিনার কক্ষে একাংশ অ্যালামনাইয়ের স্ব-পক্ষে সংরক্ষণ/বরাদ্দ নেয়া যায় ।

৮। **সদস্য পরিচিতি বই প্রেরণে প্রেরণ সংক্রান্ত:** বাংলা বিভাগ অ্যালামনাইয়ের যেসব সদস্য সম্মিলনে যোগ দিতে পারেননি তাঁদের প্রত্যেকের কাছে সদস্য পরিচিতি বই এবং যতদূর সম্ভব এবারের স্মরণিকা ডাকযোগে/কুরিয়ারযোগে প্রেরণ করতে হবে । এ ব্যাপারে সম্পূর্ণ দায়িত্ব পালন করবেন নব-নির্বাচিত কোষাধ্যক্ষ । এজন্য ডাক/কুরিয়ার ভাড়া সংগঠনের তহবিল থেকে বহন করা হবে ।

৯। **ভবিষ্যত কর্মপরিকল্পনা ও বিবিধ বিষয়:** ভবিষ্যত কর্মপরিকল্পনা ও বিবিধ বিষয়ে সভায় আলোচনা হয় । এর মধ্যে রয়েছে ভিডিও ডকুমেন্টেশন প্রস্তুতকরণ, নতুন সদস্য সংগ্রহ অভিযান, জীবন সদস্যের ফি নির্ধারণ, মুক্তিযোদ্ধা সদস্যদের সংবর্ধনা, সাহিত্য ও সংস্কৃতি চর্চামূলক কর্মসূচি । বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা প্রয়োজন বিধায় পরবর্তী সভায় এসব বিষয়ে বিস্তারিত আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হবে বলে সভা একমত হয় ।

আর কোন আলোচনা না থাকায় নব-নির্বাচিত সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

| | | |
|---|---|---|
| **আপেল আবদুল্লাহ্** | **প্রফেসর ড. পি এম সফিকুল ইসলাম** | **ড. আমিনুর রহমান সুলতান** |
| বিদায়ী সভাপতি | সভাপতি | সাধারণ সম্পাদক |

সূত্রঃ ................ তারিখ :২১-০৬-২০২০ ইং

## সভায় যোগদানকারীদের তালিকা

১. আপেল আবদুল্লাহ
২. অধ্যাপক ড. পি. এম. সফিকুল ইসলাম
৩. ড. আমিনুর রহমান সুলতান
৪. হাবিবুর রহমান হাবু
৫. সাব্বির আহমেদ
৬. ব্রাইনির ইসলাম
৭. তারিক উল ইসলাম
৮. মুহাম্মদ রবীউল আলম
৯. সাঈদ কাজল
১০. মো. ওয়ালিউর রহমান
১১. ড. মোহা. আলমগীর
১২. মো. জামাল উদ্দিন
১৩. মোল্লাহ এম. আমজাদ হোসেন
১৪. অধ্যাপক ড. শহীদ ইকবাল
১৫. ড. মো. মাসাদুজ্জামান
১৬. আহম্মাদুল কবীর
১৭. মো. হাসানুজ্জামান
১৮. ড. আজিজুর রহমান দিপু
১৯. ড. জোৎস্না রানী বিশ্বাস
২০. মোহাম্মদ মাহবুব আলম
২১. আলমাস উদ্দিন
২২. ইকবাল হোসেন
২৩. মো. গোলাম কিবরিয়া
২৪. ফাহমিদা পলি
২৫. সৈয়দ তৌফিক জহরী
২৬. রকিবুজ্জামান সুজন
২৭. ফারজানা আক্তার মাধুরী
২৮. হাসান ইমাম সুইট